



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-পনি/উমা-১১৭/৩/৩৫

তারিখ : ৩০/০৭/২০১৮ খ্রি:

বিষয় : ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার পুনঃ নিরীক্ষার জন্য উত্তরপত্র প্রেরণ প্রসংঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার উত্তরপত্র পুনঃ নিরীক্ষার জন্য প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে উত্তরপত্রগুলোর তথ্য বোর্ডের ওয়েব সাইটের (HSC CORNER)-এ দেয়া হয়েছে। আপনার নিকট গচ্ছিত উত্তরপত্র হতে ওয়েব সাইটে উল্লেখিত ক্রমিকের উত্তরপত্রগুলো আগামী ৩১-০৭-২০১৮, ০১-০৮-২০১৮ এবং ০২-০৮-২০১৮ তারিখসমূহের মধ্যে উচ্চ মাধ্যমিক পরীক্ষা বিভাগ/উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক) এর দপ্তরে নিজে উপস্থিত হয়ে অথবা বাহক মারফত জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

- বিঃ দ্রঃ
- ১। উত্তরপত্র জমাদানের পূর্বে ভালভাবে মিলিয়ে ক্রমানুসারে সাজিয়ে জমা দিতে হবে।
 - ২। কোন ক্রটি পরিলক্ষিত হলে ক্রটির বিবরণ উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।
 - ৩। উত্তরপত্রের নম্বর পরিবর্তন বা সংশোধন করা যাবে না।
 - ৪। কোন উত্তরপত্রের নম্বর পূর্বেই সংশোধন করা থাকলে নম্বরপত্রের কপিসহ সংশোধনের বিবরণ জমা দিতে হবে।

(মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

মোবা : ০১৭৩৩-২২২০০৩

প্রধান পরীক্ষকগণ
এইচএসসি পরীক্ষা-২০১৮
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।